# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৭তম বর্ষ ❑ চতুর্থ সংখ্যা ❑ শ্রাবণ-১৪৩০, জুন-জুলাই-২০২৩ ❑ পৃষ্ঠা ৮



চট্টগ্রামে কৃষি মেলা উদ্বোধন করছেন ব্যারিস্টার আনিসুল ... ২

মানসম্পন্ন বীজের গুণাগুণের মধ্যেই নিহিত রয়েছে খাদ্য ... ৩

পটুয়াখালীতে উঁচু বেড পদ্ধতিতে সবজি উৎপাদন বিষয়ক ... ৪

নরসিংদীর শিবপুর উপজেলার লটকন বাগান ... ৫




*মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে ইতালির রোমে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) সদর দপ্তরে বাংলাদেশ-বঙ্গবন্ধু শেখ মুজিব কক্ষে ইন্টারন্যাশনাল ফান্ড অব এগ্রিকালচারাল ডেভেলপমেন্টের (আইএফএডি) প্রেসিডেন্ট Alvaro Lario সাক্ষাৎ করেন (সোমবার, ২৪ জুলাই ২০২৩)। -পিআইডি*

## ভবিষ্যতে খাদ্য নিরাপত্তা বজায় রাখতে বাংলাদেশ সরকার সব রকমের প্রস্তুতি নিয়ে এগোচ্ছে —মাননীয় কৃষিমন্ত্রী




*জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার সদর দপ্তরে ইউএন ফুড সিস্টেমস সামিটের কৃষি খাদ্য ব্যবস্থার রূপান্তর শীর্ষক প্লেনারি সেশনে প্যানেলিস্ট হিসেবে বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী, ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি*

নানামুখী চ্যালেঞ্জ মোকাবিলা করে ভবিষ্যতে খাদ্য নিরাপত্তা বজায় রাখতে বাংলাদেশ সরকার সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সব রকমের প্রস্তুতি নিয়ে এগোচ্ছে বলে মন্তব্য করেছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধি, কৃষি জমি হ্রাস, জলবায়ু পরিবর্তনসহ

*এরপর পৃষ্ঠা ৪ কলাম ১*

## একযোগে ৫ লক্ষ চারা বিতরণ ও রোপণ কর্মসূচির উদ্বোধন করেন মাননীয় কৃষিমন্ত্রী



*অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন মাননীয় মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, কৃষি মন্ত্রণালয়*

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেন পরিবেশ সুরক্ষায় ৫ লাখ গাছের চারা বিতরণ ও রোপণের উদ্যোগ উৎসবে পরিণত হয়েছে, যা বাংলাদেশের আবহাওয়ার তাপমাত্রা কমিয়ে আনা সম্ভব। ১৭ জুলাই ২০২৩ রাউজান সরকারি কলেজ মাঠে স্থানীয় সংসদ সদস্য এবিএম ফজলে করিম চৌধুরীর উদ্যোগে এ বছর এক যোগে ৫ লক্ষ বৃক্ষের চারা বিতরণ ও রোপণ কর্মসূচির উদ্বোধন

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ১*

## বাংলাদেশ ২০৪১ সালে উন্নত দেশের সম্মান ও মর্যাদা লাভ করবে –মহাপরিচালক, ডিএই




*প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস মহাপরিচালক, ডিএই*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস বলেছেন, স্বাধীনতার পর বঙ্গবন্ধু দেশে খাদ্য উৎপাদন বাড়ানোর লক্ষ্যে হাজার হাজার স্যালো মেশিন, ডিপটিউবওয়েল এনে সেচের ব্যবস্থা করে সবুজ বিপ্লবের ডাক দিয়েছিলেন। বিনামূল্যে সার, বীজ ও কীটনাশকের ব্যবস্থা করেছিলেন। তিনি আরো বলেন, স্বাধীনতার সময়ে দেশের জনসংখ্যা সাড়ে ৭ কোটি ছিল আর আবাদি জমির পরিমাণ ছিল ২ কোটি হেক্টর, আর বর্তমানে জনসংখ্যা ১৭ কোটির উপরে আর আবাদি জমি ২ কোটির নীচে। তখন দানা জাতীয় খাদ্য উৎপাদন হতো ১ কোটি ১০ লক্ষ মে.টন আর বর্তমানে ৪গুণ বৃদ্ধি পেয়ে তা ৪ কোটি ২৫ লক্ষ মে.টনে উন্নীত হয়েছে। কৃষিবান্ধব বর্তমান সরকারের সার্বিক সুষ্ঠু পরিকল্পনা, আধুনিক প্রযুক্তি ব্যবহার ও কৃষি সম্প্রসারণের সঠিক বাস্তবায়নের ফলে এসব সম্ভব হয়েছে। মহাপরিচালক ২৮ জুলাই ২০২৩ সকালে খুলনার দৌলতপুরস্থ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অডিটরিয়ামে ডিএইর ক্লাইমেট স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলে জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের আওতায় নব যোগদানকৃত উপসহকারী কৃষি কর্মকর্তাদের ৪ দিনব্যাপী প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যকালে এসব কথা বলেন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খুলনা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোহন কুমার ঘোষ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ কৃষিবিদ মোঃ নূরুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন প্রকল্প পরিচালক কৃষিবিদ শেখ ফজলুল হক মনি।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন, ডিএই বাগেরহাটের উপপরিচালক কৃষিবিদ মোঃ রফিকুল ইসলাম, খুলনার উপপরিচালক কাজী জাহাঙ্গীর হোসেন ও সাতক্ষীরার উপপরিচালক মোঃ সাইফুল ইসলাম। এ সময়ে কৃষি তথ্য সার্ভিস খুলনার আঞ্চলিক বেতার কৃষি অফিসার কৃষিবিদ শারমিনা শামিম উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে খুলনা অঞ্চলের নব যোগদানকৃত ২২৩ জন উপসহকারী কৃষি কর্মকর্তা অংশগ্রহণ করেন।

*মো: আবদুর রহমান, কৃতসা, খুলনা*

## চট্টগ্রামে কৃষি মেলা উদ্বোধন করছেন ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ এমপি




*ফলের চারা বিতরণ করছেন ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ এমপি, হাটহাজারী, চট্টগ্রাম*

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট কৃষিনির্ভর দেশ গড়ার মাধ্যমে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। ২০ জুলাই ২০২৩ বৃহস্পতিবার নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, চট্টগ্রাম ও চাঁদপুর কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় হাটহাজারীতে তিন দিনব্যাপী কৃষি মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তেব্য ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি. এসব কথা বলেন। তিনি বলেন গত শীত মৌসুমে হাটহাজারী উপজেলা, চট্টগ্রামের সমস্ত উপজেলার মধ্যে সর্বোচ্চ সরিষা উৎপাদন করে রেকর্ড সৃষ্টির মাধ্যমে আলোড়ন সৃষ্টি করেছেন। উপজেলা পরিষদ চত্বরে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ শাহিদুল আলম, স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা, আল মামুন সিকদার। বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়, নুরুল আলম বাশেক ও মোক্তার বেগম মুক্তা। সভাশেষে প্রধান অতিথি মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন। সাথে সাথে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে ফলদ চারা বিতরণ করেন। অনুষ্ঠানে মেলায় কৃষক/ কৃষাণী শিক্ষার্থীসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। কৃষি তথ্য সার্ভিসের প্রতিনিধিরা বিভিন্ন ধরনের লিফলেট, বুকলেট ও ফোল্ডার বিতরণ করেন।

*সৌরভ চন্দ্র বড়ুয়া, কৃতসা, চট্টগ্রাম*



## বগুড়ার শাহজাহানপুর সমলয়ে রোপা আমন ধানের চারা রোপণের শুভ উদ্বোধন

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় গত ১৩ জুলাই ২০২৩ বগুড়ার শাহজাহানপুর উপজেলার খরনা জগন্নাথপুর মাঠে সমলয়ে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে রোপা আমন ধানের চারা রোপণ কার্যক্রমের উদ্বোধন অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক, বগুড়া মোঃ সাইফুল ইসলাম। উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) শানজিদা মুস্তারী'র সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়ার উপপরিচালক কৃষিবিদ মোঃ মতলুবর রহমান, শাজাহানপুর উপজেলা পরিষদ উপজেলা চেয়ারম্যান প্রভাষক মোঃ সোহরাব হোসেন ছান্নু।

*মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা*



## শারীরিক পুষ্টি ও স্বাস্থ্য বিষয়ে সকলকে চিন্তার পরিবর্তন করতে হবে: মহাপরিচালক, ডিএই




*সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস, মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা*

বেসরকারি সংস্থা সূচনা, সিলেট কর্তৃক আয়োজিত সিলেট অঞ্চলে ডিএই এবং সূচনার সাথে পরামর্শ সভা ১৫ জুলাই ২০২৩ সিলেটের হোটেল মেট্রো ইন্টারন্যাশনালের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সিলেট অঞ্চলে সূচনার কার্যক্রম সম্পর্কে উপস্থাপন করেন শেখ শহিদ রহমান, কর্মসূচি প্রধান, সূচনা, সিলেট। উক্ত সভায় কৃষিবিদ মো. মোশাররফ হোসেন খান, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস, মহপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

প্রধান অতিথির বক্তব্যে বলেন শারীরিক পুষ্টি ও স্বাস্থ্য বিষয়ে সকলকে চিন্তার পরিবর্তন করতে হবে, জমির পাশাপাশি ভাসমান বেডে ও ঝুলন্ত ব্যাগে সবজি উৎপাদন বাড়াতে হবে, কোন জায়গা খালি রাখা যাবে না। তিনি আরো বলেন পুষ্টিবাগান বেশি করে স্থাপনের মাধ্যমে নিজেদের পুষ্টি চাহিদা মিটানোর পাশাপাশি কর্মসংস্থান তৈরি করতে হবে। সরকারি ও বেসরকারি সংস্থা সম্মিলিতভাবে কাজ করার মাধ্যমে মেধা বিকাশের জন্য নিজেদের পুষ্টি বাগান থেকেই পুষ্টির চাহিদা মেটানো সম্ভব।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষিবিদ মো. রেজাউল করিম, পরিচালক (পরিকল্পনা, বাস্তবায়ন ও আইসিটি উইং) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। উক্ত কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের অধীনে সিলেট অঞ্চলের ডিএই, কৃষি তথ্য সার্ভিস ও সূচনার কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

*মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

## পুষ্টি কর্নার : এম ডি-২ আনারস



'সুপার সুইট' খ্যাত এমডি-২ আনারস বিশ্ব বাজারে অত্যধিক চাহিদা সম্পন্ন অম্ল মধুর মিষ্টতায় (১৪% ব্রিক্স), ফলের শেল্ফ লাইফ ৩০ দিন, সুস্বাদু, পুষ্ঠিগুণ ও মনোমুগ্ধকর সুবাস সমৃদ্ধ ফল। আনারস অত্যন্ত সুস্বাদু, পুষ্টিকর ও মজাদার একটি ফল। এক খণ্ড (১৬৫ গ্রাম) আনারসে আছে খাদ্যশক্তি ৮২.৫ ক্যালরি, ফ্যাট ১.৭ গ্রাম, প্রোটিন ১ গ্রাম, কার্বস ২১.৬ গ্রাম, ফাইবার ২.৩ গ্রাম। এ ছাড়া রিকমেন্ডেড ডায়েটারি ইনটেক অনুযায়ী- ভিটামিন সি ১৩১%, ম্যাঙ্গানিজ ৭৬% ভিটামিন বি৬-৯%, কপার ৯%, থায়ামিন ৯%, ফোলেট ৭%, পটাশিয়াম ৫%, ম্যাগনেসিয়াম ৫%, নিয়াসিন ৪%, প্যানথেনিক এসিড ৪%, রিবোফ্লাভিন ৩%, আয়রন ৩%।

*– কৃষি তথ্য সার্ভিস*

## মানসম্পন্ন বীজের গুণাগুণের মধ্যেই নিহিত রয়েছে খাদ্য উৎপাদন বৃদ্ধির মূল চাবিকাঠি




*সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া*

রাজশাহীর আঞ্চলিক বীজ প্রত্যয়ন এজেন্সির আয়োজনে রাজশাহী অঞ্চলের স্মার্ট প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বীজ শিল্পের উন্নয়ন শীর্ষক সেমিনার বীজ প্রত্যয়ন এজেন্সি রাজশাহীর আঞ্চলিক কার্যালয়ের সম্মেলন কক্ষে ০৬ আগষ্ট ২০২৩ অনুষ্ঠিত হয়। বীজ প্রত্যয়ন এজেন্সি গাজীপুরের পরিচালক কৃষিবিদ জনাব আহমেদ শাফী এর সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রনালয়ের সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রাজশাহী অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ জনাব মো: শামছুল ওয়াদুদ ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বগুড়া অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ সরকার শফি উদ্দীন আহম্মদ। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন, বীজ প্রত্যয়ন এজেন্সি রাজশাহীর আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার কৃষিবিদ ড. শেখ মো: রুহুল আমীন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, ফসল উৎপাদনে বীজের গুরুত্ব অপরিসীম। মানসম্পন্ন বীজের গুণাগুণের মধ্যেই নিহিত রয়েছে খাদ্য উৎপাদন বৃদ্ধির মূল চাবিকাঠি। জাতির পিতা বঙ্গবন্ধু তার দূরদৃষ্টি ও প্রজ্ঞা দিয়ে বুঝেছিলেন সদ্য স্বাধীন দেশের মানুষকে বাঁচিয়ে রাখতে হলে খাদ্য সংস্থান করতে হবে। তাই অধিক ফসল উৎপাদনে ভালো বীজের গুরুত্ব বিবেচনা করে তিনি গঠন করেন দানাশস্য বীজ প্রকল্প এবং বিএডিসিকে দায়িত্ব প্রদান করেন। তিনি উপস্থিত কর্মকর্তাদের বলেন, যথাযথভাবে বীজ আইন মেনে উন্নত বীজ উৎপাদন এবং বিপণন হয় সেদিকে নজর দিতে হবে। বীজ পরীক্ষা ও মনিটরিং জোরদার করতে হবে। বীজমান নিয়ন্ত্রণ করে বীজ শিল্প ও বীজমান উন্নয়ন কার্যক্রম সুসংগঠিত করে মানসম্মত বীজ উৎপাদন এবং বাজারজাত করার জন্য উপস্থিত বীজ উৎপাদক ও ব্যবসায়ীদের অনুরোধ জানান।

সেমিনারে রাজশাহী বিভাগের ৮টি জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক/জেলা প্রশিক্ষণ কর্মকর্তা, জেলা বীজ প্রত্যয়ন অফিসার, এসসিএ, বিএডিসি, বিএমডিএ, গবেষণা প্রতিষ্ঠানের প্রধানগণ, এআইএস বীজ উৎপাদক ও ব্যবসায়ী প্রতিনিধিসহ অংশগ্রহণ করেন।

*মো: দেলোয়ার হোসেন, কৃতসা, রাজশাহী*

অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় বাংলাদেশ

# চাটমোহর উপজেলায় কৃষক সমাবেশ করে রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্রের মাধ্যমে রোপা আমন ধানের চারা রোপণ

পাবনার চাটমোহর উপজেলায় কৃষিতে যান্ত্রিকীকরণ বৃদ্ধির লক্ষ্যে কৃষক সমাবেশ করে রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্রের সাহায্যে ২০২২-২৩ অর্থবছরের প্রণোদনা কর্মসূচির আওতায় খরিপ-২ মৌসুমে রোপা আমন (উফশী) ধানের সমলয় চাষাবাদ ব্লক প্রদর্শনী স্থাপনার মাধ্যমে বিনাধান-১৭ এর চারা রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্রের সাহায্যে এ কার্যক্রম অনুষ্ঠিত হয়। ৩ আগস্ট ২০২৩ বেলা ১১টায় উপজেলার মুথুরাপুর ইউনিয়ন পরিষদের মাঠে রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্রের সাহায্যে ধান রোপণ কার্যক্রম অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কার্যক্রম পরিদর্শন করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বগুড়া অঞ্চল বগুড়ার অতিরিক্ত পরিচালক কৃষিবিদ সরকার শফি উদ্দীন আহমেদ। মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পাবনা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ ড. জামাল উদ্দীন। অনান্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বগুড়া অতিরিক্ত পরিচালকের কার্যালয়, চাটমোহর উপজেলার মুথুরাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাংবাদিক, প্রিন্ট ইলেকট্রনিকস মিডিয়ার সদস্য বৃন্দ ও স্থানীয় কৃষক -কৃষানি। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চাটমোহরের উপজেলার উপজেলা নির্বাহী অফিসার মো. রেদুয়ানুল হালিম। উল্লেখ্য, চলতি রোপা আমন মৌসুমে চাটমোহর উপজেলায় ৫০ একর জমিতে প্রণোদনা কর্মসূচির আওতায় সমলয় মাধ্যমে ট্রেতে বপনকৃত বীজ থেকে উৎপন্ন ২২-২৮ দিন বয়সের চারা রাইস ট্রান্সপ্ল্যান্টারের সাহায্যে রোপণের করা হয়। এ সময়য় পদ্ধতির আওতায় সুবিধাভোগী চাষির সংখ্যা ৬৫ জন। সমলয় ও কৃষিতে যান্ত্রিকীকরণ সারা দেশে ছড়িয়ে পড়লে উৎপাদন বাড়বে। শ্রমিক কম লাগবে কৃষি খাতে যে শ্রমিক অভাব তার থেকে মুক্তি পাওয়া যাবে।



*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বগুড়া অঞ্চল বগুড়ার অতিরিক্ত পরিচালক কৃষিবিদ সরকার শফি উদ্দীন আহমেদ*

*মো. এমদাদুল হক, কৃতসা, পাবনা*

# পটুয়াখালীতে উঁচু বেড পদ্ধতিতে সবজি উৎপাদন বিষয়ক মাঠদিবস অনুষ্ঠিত



*মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)*

পটুয়াখালীতে উঁচু বেড পদ্ধতিতে সবজি উৎপাদনে সমন্বিত বালাই ব্যবস্থাপনা বিষয়ক ১৫ জুলাই ২০২৩ কলাপাড়ার সোনাতলায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সরেজমিন গবেষণা বিভাগের উদ্যোগে মাঠদিবস অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।

মাঠদিবসে প্রধান অতিথি বলেন, এখানকার উঁচু বেডে উৎপাদিত সবজির ফলন দেখে মুগ্ধ হলাম। উপকূলীয় এসব এলাকায় প্রতিবন্ধকতার মধ্যেও এত ভালো ফসল হয়, যা চোখে না দেখে বিশ্বাস হবার নয়। এ ধরনের সফলতায় অন্যরাও উৎসাহ পাবেন। এ ধারা আমাদের অব্যাহত রাখতে হবে। তবেই দেশের খাদ্য ও পুষ্টিনিরাপত্তায় রাখবে বিরাট ভূমিকা।

বরিশালের আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. বিমল চন্দ্র কুন্ডুর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিএআরআইর পরিকল্পনা ও মূল্যায়ন উইংয়ের পরিচালক ড. দিলোয়ার আহমদ চৌধুরী, মাদারীপুরের আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. ছালেহ উদ্দিন, পটুয়াখালীর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) উপপরিচালক মো. নজরুল ইসলাম, সরেজমিন গবেষণা বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. সহিদুল ইসলাম খান এবং এসএসিপি প্রকল্পের কম্পোনেন্ট কো-অর্ডিনেটর পরিমল চন্দ্র সরকার। পরে প্রধান অতিথি কৃষকের মাঝে বিনামূল্যে ফলের চারা বিতরণ করেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

# ভবিষ্যতে খাদ্য নিরাপত্তা বজায় রাখতে বাংলাদেশ

প্রথম পাতার পর

নানামুখী চ্যালেঞ্জ মোকাবেলা করে খাদ্য নিরাপত্তা টেকসই করতে হলে কৃষি- খাদ্য ব্যবস্থাকে রূপান্তর করে যুগোপযোগী করতে হবে। বাংলাদেশ সরকার সে লক্ষ্যেই কাজ করে যাচ্ছে। ২৫ জুলাই ২০২৩ মঙ্গলবার রোমের স্থানীয় সময় সকালে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার সদর দপ্তরে চলমান ইউএন ফুড সিস্টেমস সামিটের কৃষি-খাদ্য ব্যবস্থার রূপান্তর শীর্ষক প্লেনারি সেশনে প্যানেলিস্ট হিসাবে প্রদত্ত বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। মাননীয় কৃষিমন্ত্রী বলেন, খাদ্য নিরাপত্তার জন্য কৃষিতে বিশাল পরিমাণ ভর্তুকি দিয়ে যাচ্ছে সরকার। এত বিপুল পরিমাণ ভর্তুকি সারা বিশ্বেই বিরল। পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় আমরা অনেক বেশি ভর্তুকি দিচ্ছি। ভবিষ্যতেও এই ভর্তুকি অব্যাহত রাখবে বাংলাদেশ সরকার। তিনি বলেন, কৃষি-খাদ্য ব্যবস্থার রূপান্তরে বাংলাদেশ সরকার সমন্বিত বিশাল কর্মসূচি গ্রহণ করেছে। কৃষি উৎপাদন আরও বৃদ্ধিকরণ, বিপণন ব্যবস্থা আধুনিকীকরণ, জলবায়ু সহনশীল কৃষি গড়ে তোলা ও কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণে ৭২০০ কোটি টাকার পার্টনার প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হয়েছে। এফএওর নিকট থেকেও সহযোগিতা নেয়া হচ্ছে।

তলাবিহীন দেশ এখন উন্নত বিশ্বের কাতারে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়ন হওয়ায় বিশ্ব আমাদেরকে রোল মডেল হিসেবে বিবেচনা করে। আর এক্ষেত্রে কৃষির বিরাট অবদান রয়েছে। বিশ্বের কৃষি-খাদ্য ব্যবস্থার রূপান্তরের মাধ্যমে প্রতিটি মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে পাঁচ দফা প্রস্তাবনা পেশ করেছেন, তা বাস্তবায়ন জরুরি বলেন মাননীয় কৃষিমন্ত্রী।

অনুষ্ঠানে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য কৃষিসচিব ওয়াহিদা আক্তার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান শেখ মো. বখতিয়ার, ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক শাহজাহান কবীর, কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক দেবাশীষ সরকার ও পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক মির্জা মোফাজ্জল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

সেশনে জানানো হয়, ২০২১ সালে বিশ্বব্যাপী ৭০-৮৮ কোটি মানুষ ক্ষুধায় আক্রান্ত হয়েছে, ক্ষুধায় কষ্ট করেছে। ২০৩০ সালে ৬৭ কোটি মানুষকে ক্ষুধা বা হাঙ্গার মোকাবিলা করতে হবে। এই অবস্থায়, ২০৩০ সালের মধ্যে এসডিজির ১৭টি লক্ষ্য মাত্রা অর্জনে কৃষি-খাদ্য ব্যবস্থা রূপান্তর মূল নিয়ামক হিসাবে কাজ করবে।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## বরিশালে কৃষি কর্মকর্তাদের সাথে অতিরিক্ত সচিবের মতবিনিময়




*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পিপিসি অনুবিভাগ) মো. রুহুল আমিন তালুকদার*

বরিশালে কৃষি কর্মকর্তাদের সাথে অতিরিক্ত সচিবের মতবিনিময় সভা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) উদ্যোগে ২৯ জুলাই ২০২৩ নগরীর খামারবাড়িতে আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পিপিসি অনুবিভাগ) মো. রুহুল আমিন তালুকদার। মতবিনিময় সভায় প্রধান অতিথি বলেন, দিন দিন মানুষ বাড়ছে। কমছে জমির পরিমাণ। তাই আমাদের খাবারের চাহিদা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। আর এর জোগানের মূল কারিগরের ভূমিকায় আছেন কৃষিবিজ্ঞানী এবং সম্প্রসারণবিদ। ডিএই পিরোজপুরের উপপরিচালক ড. মোহাম্মদ নজরুল ইসলাম শিকদারের সভাপতিত্বে সভায় অন্যদের মধ্যে কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা অংশগ্রহণ করেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

## একযোগে ৫ লক্ষ চারা বিতরণ ও রোপণ কর্মসূচির

*প্রথম পাতার পর*

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। বর্তমান সরকারের আমলে দেশে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের কথা তুলে ধরে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, ২০০৮ সালের সংসদ নির্বাচনে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর থেকে দেশে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা বজায় রয়েছে। ঐ সময় দেশে ভূট্টা উৎপাদন হয়েছিল ৬ লক্ষ মেট্রিক টন। এ-বছর দেশে ভূট্টা উৎপাদন হয়েছে ৬৭ লক্ষ মেট্রিক টন। গত ২০০৮ সালে দেশে সবজি উৎপাদন হয়েছে ৩০ লক্ষ মেট্রিক টন। এ বছর সবজি উৎপাদন হয়েছে ২ কোটি ২১ লক্ষ মেট্রিক টন।

অনুষ্ঠান উদ্বোধন করেন রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এমবিএম ফজলে করিম চৌধুরী, এমপি। তিনি বলেন এ মেলার মূল উদ্দেশ্য হচ্ছে ফল উৎপাদন করে বিদেশে রপ্তানি করা। গত বছরে ২০ লক্ষ বৃক্ষ চারা রোপণ করেছি। আশা করছি রাউজানকে ক্লিন, গ্রিন, পিঙ্ক উপজেলায় পরিণত করব।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামন। বিশেষ অতিথি ছিলেন রাউজান উপজেলা চেয়ারম্যান এ. কে এম এহেছানুল হায়দার চৌধুরী বাবুল। উপজেলা নির্বাহী অফিসার আবদুল সামাদ শিকদার, রাউজান উপজেলা মেয়র জমির উদ্দিন পারভেজ।

উক্ত অনুষ্ঠানে আওয়ামী লীগ এর বিভিন্ন স্তরের জেলা উপজেলার অঙ্গ সংগঠনের নেতাকর্মীগণ জেলার প্রশাসন ও পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাগণ, কৃষি মন্ত্রণালয়ের অধিনস্থ বিভিন্ন দপ্তর সংস্থার জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ, স্থানীয় স্কুল ও কলেজের ছাত্রছাত্রী, কৃষক-কৃষানীগণ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া প্রতিনিধি ও কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক অফিস, চট্টগ্রাম এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ সুলতানা রাজিয়া, কৃতসা, চট্টগ্রাম*

## নরসিংদীর শিবপুর উপজেলার লটকন বাগান পরিদর্শন

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চলের মাসিক সভা নরসিংদী জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে ২৬ জুলাই ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঢাকা অঞ্চলের অতিরিক্ত পরিচালক জনাব এস এম সোহরাবউদ্দীন, সরেজমিন উইং এর অতিরিক্ত পরিচালক (মনিটরিং ও বাস্তবায়ন) জনাব মো: আশরাফউদ্দিন, প্রশাসন ও অর্থ উইং এর উপপরিচালক (প্রশাসন) জনাব আনোয়ার হোসেন খান, নরসিংদী ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য ব্যবস্থাপনার আলোচনা করা হয় সভায়।

এ সময় উপজেলা পর্যায়ে মাঠ কার্যক্রম মনিটরিং জোরদারকরণে গুরুত্বারোপ করা হয়। এ সময় আরো উপস্থিত ছিলেন ঢাকা অঞ্চলের সকল জেলার উপপরিচালকবৃন্দ, জেলা প্রশাসন অফিসার, ঢাকা অঞ্চলের বিভিন্ন হর্টিকালচার সেন্টার থেকে আগত উদ্যানতত্ত্ববিদ, নরসিংদী জেলার কৃষি অফিসারসহ অত্র কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক জনাব মো: আজিজুর রহমান। এ সভায় আমন ধানের আবাদ বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত আলোচনা করা হয়। ঢাকা অঞ্চলের সার, বীজ, সেচের সুষমবন্টন, বাজারজাত

উল্লেখ্য যে, সভায় উপস্থিত উর্ধ্বতন কর্মকর্তারা নরসিংদীর শিবপুর উপজেলার লটকন বাগান পরিদর্শন করেন এবং কৃষকদেরকে বাজারজাতকরণের ব্যাপারে পরামর্শ প্রদান করেন।

*কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*



## পিরোজপুরের কাউখালীতে মাটিবিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩*




*কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বিশিষ্ট ক্রীড়া সংগঠক বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আলোচনা সভা ঢাকার বিএআরসি অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া, অতিরিক্ত সচিব, সম্প্রসারণ অনুবিভাগ কৃষি মন্ত্রণালয়। এ ছাড়াও সভায় কৃষি মন্ত্রণালয় অধীনস্থ দপ্তর সংস্থার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন (৫ আগস্ট ২০২৩, শনিবার)।   – কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*

## আমন ধানের ফলন বৃদ্ধিতেকরণীয় বিষয়ক কর্মশালা




*কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল*

রংপুর-দিনাজপুর অঞ্চলে আমন ধানের ফলন বৃদ্ধিতে করণীয় শীর্ষক এক আঞ্চলিক কর্মশালা ১১ জুলাই ২০২৩ মঙ্গলবার সকালে রংপুর শিল্পকলা একাডেমি মিলানায়তনে ধান গবেষণা ইনস্টিটিউট রংপুরের আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে এই কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান শেখ মোহাম্মদ বখতিয়ার। ব্রি'র মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবিরের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কৃষি উন্নয়ন করপোরেশনের চেয়ারম্যান আব্দুল্লাহ সাজ্জাদ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস, বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক মোফাজ্জল ইসলাম, গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক কৃষিবিদ ড. গোলাম ফারুক, ব্রি, পরিচালক ও প্রশাসন ড. মোঃ আব্দুল লতিফ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্রি'র উদ্ভিদ প্রজনন ও সিএসও ড. খন্দকার মো. ইফতেখারুলদৌলা।

*কৃষিবিদ মো. শাহাদৎ হোসেন, কৃতসা, রংপুর*




কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), খামারবাড়ি, কুমিল্লার আয়োজনে ১৭ জুলাই ২০২৩ ডিএইর প্রশিক্ষণ হলে, নবযোগদানকৃত উপসহকারী কৃষি কর্মকর্তাদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ডিএই, কুমিল্লা অঞ্চলের অতিরিক্ত পরিচালক, ড. মোহিত কুমার দে। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোহাম্মদ সিরাজ উদ্দিন হোসেন, উপপরিচালক (ভারপ্রাপ্ত), ডিএই, খামারবাড়ি, কুমিল্লা। দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করেন, কৃষিবিদ শেখ আজিজুর রহমান, অতিরিক্ত উপপরিচালক (পিপি); কৃষিবিদ মোহাম্মদ বেলায়েত হোসেন, অতিরিক্ত উপপরিচালক (শস্য); কৃষি প্রকৌশলী মোঃ বদরুজ্জামান মুসলিমী প্রমুখ। *মোঃ মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*

## পিরোজপুরের কাউখালীতে মাটিবিষয়ক কৃষক

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ১*

পিরোজপুরের কাউখালীতে মৃত্তিকা নমুনা সংগ্রহ, সুষম সার ব্যবহার ও ভেজাল সার শনাক্তকরণ বিষয়ক কৃষক প্রশিক্ষণ ১৯ জুলাই ২০২৩ উপজেলার সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের হলরুমে এসআর-ডিআইর বিভাগীয় গবেষণাগারের উদ্যোগে আয়োজন করা হয়। এ উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের (এসআরডিআই) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা একেএম আমিনুল ইসলাম আকন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এসআর-ডিআইর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা কাজী মো. আমিনুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন উপজেলা কৃষি অফিসার সোমা রাণী দাস এবং চিরাপাড়া ইউনিয়নের চেয়ারম্যান মো. লাইকুজ্জামান মিন্টু তালুকদার। প্রশিক্ষণে গোপালগঞ্জ, বাগেরহাট, সাতক্ষীরা, পিরোজপুর কৃষি উন্নয়ন প্রকল্পের (এসআরডিআই অংঙ্গ) আওতাধীন ৬০ জন কৃষক অংশগ্রহণ করেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*






জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৮তম শাহাদতবার্ষিকীতে কৃষি মন্ত্রণালয়ের পক্ষ থেকে অতিরিক্ত সচিব মোঃ রুহুল আমীন তালুকদার (পিপিসি অনুবিভাগ) ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং অতিরিক্ত সচিব রবীন্দ্রশ্রী বড়ুয়া (সম্প্রসারণ) বনানীতে অবস্থিত ১৫ আগস্টে নিহত অন্য সদস্যদের সমাধিতে বিনম্র শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পন শেষে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের অডিটোরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ রুহুল আমীন তালুকদার এবং কৃষি মন্ত্রণালয়ের অন্যান্য দপ্তর সংস্থার প্রধানগণ ও কর্মকর্তাবৃন্দ (১৫ আগস্ট ২০২৩)।

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*



রাজধানীর খামারবাড়ি আ কা মু. গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়ামে ছাদবাগানে উচ্চ পুষ্টি সবজি চাষের উপর ছাদবাগানে উদ্যোক্তাদের সমন্বয়ে উদ্যোক্তা প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবিনা ইয়াসমিন যুগ্মসচিব কৃষি মন্ত্রণালয়, স্বাগত বক্তব্য দেন মোখলেসুর রহমান প্রকল্প পরিচালক কন্দাল ফসল উন্নয়ন প্রকল্প, মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. এম এ রহিম প্রাক্তন ডীন, কৃষি অনুষদ এবং পরিচালক, বাউ জার্মপ্লাজম সেন্টার, বা,কৃ,বি। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন স্বপন কুমার খাঁ। (মঙ্গলবার, ১৮ জুলাই ২০২৩)

*ড. সুফিয়া বেগম, সহকারী অধ্যাপক (অব.), একেইউ ইনস্টিটিউশন অ্যান্ড কলেজ*



কৃষি তথ্য সার্ভিসের আয়োজনে ০৬-০৭ আগস্ট ২০২৩ বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, ই-গর্ভন্যান্স, (ডি-নথি ব্যবস্থাপনা), উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং তথ্য অধিকার আইন বাস্তবায়ন বিষয়ক দুই দিনব্যাপী প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি তথ্য সার্ভিসের পরিচালক ড. সুরজিৎ সাহা রায়। প্রশিক্ষণে কৃষি তথ্য সার্ভিসের মূল কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন ।

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

## বারির অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি

শেষ পাতার পর

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব বাদল চন্দ্র বিশ্বাস, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মির্জা মোফাজ্জল ইসলাম এবং জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান।


উদ্বোধন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম। অনুষ্ঠানে বারির গবেষণা কার্যক্রম ও সাফল্যের উপর সংক্ষিপ্ত উপস্থাপনা উপস্থাপন করেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। এ সময় আরও উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয় এর যুগ্মসচিব (গবেষণা অনুবিভাগ) জনাব রেহানা ইয়াছমিন এবং যুগ্মসচিব (গবেষণা অধিশাখা) ড. সাবিনা ইয়াসমিন। উক্ত অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নার্সভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান, বিএডিসি ও কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং বারি'র বিভিন্ন বিভাগের বিজ্ঞানী/কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, গত ২০২২-২০২৩ সনে যে সকল গবেষণা কর্মসূচি হাতে নেয়া হয়েছিল সেগুলোর মূল্যায়ন এবং এসব অভিজ্ঞতার আলোকে আগামী ২০২৩-২০২৪ সনে গবেষণা কর্মসূচি প্রণয়নের উদ্দেশ্যে এ কর্মশালার আয়োজন করা হয়েছে। বারি'র বিজ্ঞানীরা এ পর্যন্ত বিভিন্ন ফসলের ৬৫০টি উচ্চফলনশীল (হাইব্রিডসহ), রোগ প্রতিরোধক্ষম ও বিভিন্ন প্রতিকূল পরিবেশে চাষোপযোগী জাত এবং ৬৪০টি অন্যান্য উৎপাদন প্রযুক্তিসহ এ যাবৎ মোট ১,২৯০টি প্রযুক্তি উদ্ভাবন করেছে। এ সকল প্রযুক্তি উদ্ভাবনের ফলে দেশে তেলবীজ, ডালশস্য, আলু, সবজি, মসলা এবং ফলের উৎপাদন ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। এসব প্রযুক্তির উপযোগিতা যাচাই বাছাই ও দেশের বর্তমান চাহিদা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবনের কর্মসূচি গ্রহণ করাই এ কর্মশালার মূল উদ্দেশ্য। *প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## বিপণনে কৃষকের স্বার্থ রক্ষায় একযোগে কাজ

শেষ পাতার পর

সদস্য কৃষিসচিব ওয়াহিদা আক্তার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান শেখ মো. বখতিয়ার, ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক শাহজাহান কবীর, কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক দেবাশীষ সরকার ও পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক মির্জা মোফাজ্জল ইসলাম উপস্থিত ছিলেন। *প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*



*জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) সদর দপ্তরে সম্প্রতি অনুষ্ঠিত ইউএস ফুড সিস্টেমস সামিটে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মাননীয় কৃষিমন্ত্রী, মাননীয় কৃষি সচিবসহ কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধিদলের সদস্যবৃন্দ। (জুলাই/২০২৩)* - কৃষি মন্ত্রণালয়

## বিপণনে কৃষকের স্বার্থ রক্ষায় একযোগে কাজ করতে হবে : মাননীয় কৃষিমন্ত্রী

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, খাদ্য নিরাপত্তা ও কৃষকের স্বার্থ রক্ষায় কৃষিপণ্যের সুষ্ঠু বাণিজ্যের বিরাট ভূমিকা রয়েছে। সম্প্রতি দেখা যাচ্ছে, বিশ্বব্যাপী কৃষিপণ্যের বাণিজ্য ও ফুড ভ্যালু চেইন কিছু সংখ্যক বড় কোম্পানির নিয়ন্ত্রণে চলে যাচ্ছে। এর ফলে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকেরা তাদের উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য পাচ্ছেন না। বিশেষ করে বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার দেশগুলোতে যেখানে ক্ষুদ্র কৃষক ও উদ্যোক্তা বেশি, সেখানে কৃষকদের স্বার্থ রক্ষা অনেক ক্ষেত্রেই সম্ভব হচ্ছে না। সেজন্য, বাণিজ্য ও বিপণনে কৃষকের স্বার্থ রক্ষায় সকল দেশকে একযোগে কাজ করতে হবে।

২৬ জুলাই ২০২৩ বুধবার রোমের স্থানীয় সময় সকালে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার সদর দপ্তরে চলমান ইউএন ফুড সিস্টেমস সামিটের শেষ দিনে কৃষি-খাদ্য ব্যবস্থার রূপান্তরে কৃষি বাণিজ্য শীর্ষক সেশনে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

মাননীয় কৃষিমন্ত্রী বলেন, বাংলাদেশে কৃষিপণ্যের বাণিজ্য ও সুষ্ঠু বিপণন ব্যবস্থা গড়ে তুলতে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করছে বর্তমান সরকার। উৎপাদন খরচ কমাতে ভর্তুকি প্রদান, যান্ত্রিকীকরণ এবং উন্নত জাত ও প্রযুক্তি ব্যবহারে গুরুত্বারোপ করা হচ্ছে। একইসাথে, কৃষিপণ্যের বাজার বিস্তৃত করতে প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানি বৃদ্ধির জন্য নানান পদক্ষেপ নেয়া হয়েছে।

তিনি বলেন, বছরে সারের চাহিদার ৮০%, ভোজ্যতেলের চাহিদার ৯০% বিদেশ থেকে বাংলাদেশকে আমদানি করতে হয়। এছাড়াও, সয়াবিন, কিছু শাকসবজি ও ফলমূল আমদানির প্রয়োজন পড়ে। সম্প্রতি যুদ্ধের কারণে এসব আমদানি পণ্যের দাম অনেক বেড়েছে। সেজন্য, কৃষি-খাদ্য ব্যবস্থাকে রূপান্তরের মাধ্যমে কৃষিপণ্যের সুষ্ঠু বাণিজ্য ও নিরবচ্ছিন্ন ফুড ভ্যালু চেইন গড়ে তুলতে হবে।

অনুষ্ঠানে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য কৃষিসচিব ওয়াহিদা আক্তার

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

## বারির অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২৩




*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার, কৃষি মন্ত্রণালয়*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিটের (বারি) "অভ্যন্তরীণ গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২৩"এর উদ্বোধন অনুষ্ঠান ৩০ জুলাই ২০২৩ ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তার।

উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বলেন, খোরপোশের কৃষি এখন বাণিজ্যিক কৃষিতে রূপান্তরিত হয়েছে। প্রতিকূল আবহাওয়া, বর্ধিত জনসংখ্যা, ক্রমহ্রাসমান আবাদী জমির পরেও বাংলাদেশের কৃষির সাফল্য ঈর্ষনীয়। বর্তমান সরকারের সময়োপযোগী সঠিক সিদ্ধান্তে দেশ আজ খাদ্যে স্বনির্ভর।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd